দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 MAY 1989
পৃষ্ঠা 4 কলাম 3

২০

## আর কত দিন প্রথম বর্ষে থাকবো

আমি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬-৮৭ সেশনের কৃষি অনুষদের প্রথম বর্ষের ছাত্র। ১৯৮৬ সালে এইচ,এস,সি পাশ করার পর বহু প্রতিযোগিতার মধ্য দিয়ে কৃষি বিশ্ববিদ্যালয়ের মতো একটি শিক্ষা প্রতিষ্ঠানে পড়ার সুযোগ পাই। ভর্তির পর প্রায় ৯ মাসের মাথায় ক্লাস শুরু হয়। তারপর ১৯৮৮ সালের অক্টোবর মাসে ক্লাস শেষও হয়। এখন ১৯৮৯ সালের মে মাস। প্রায় ৮টি মাস শেষ হতে চলল; কিন্তু দুর্ভাগ্যের বিষয় এখনও ১ম বর্ষের ফাইনাল পরীক্ষার সঠিক তারিখ জানতে পারিনি, যদিও ইতিপূর্বে নিয়ম রক্ষার জন্য কর্তৃপক্ষ ২/৩ বার পরীক্ষার তারিখ ঘোষণা করেছিলেন। সেগুলি শুধুমাত্র নিয়ম রক্ষার জন্য। পরীক্ষা না হওয়ার কারণ ১৯৮৫-৮৬ সেশনের ছাত্রদের একটি ফাইনাল ও ২টি ক্যারিওভার পরীক্ষা বিগত এক বছরে শেষ করতে না পারা। গত বছর অর্থাৎ ১৯৮৮ সালের ৭ই জুন ফাইনাল পরীক্ষা শুরু করে এখন পর্যন্ত শুধুমাত্র ২য়-ক্যারিওভার পরীক্ষা শেষ হয়েছে; কিন্তু ফলাফল এখনও বাকী। এখন প্রশ্ন হচ্ছে একটি ইয়ারের পরীক্ষা কি পুরো ৩৬৫ দিনেও শেষ করা যায় না?

আর কত দিন আমি/আমরা অর্থাৎ কৃষি অনুষদের প্রায় ৪০০ ছাত্র-ছাত্রী ১ম বর্ষে থাকবো? আমাদের সংগে অধ্যয়নরত অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা অনেকে ২য় বর্ষের ফাইনাল পরীক্ষার সম্মুখীন (ঢাঃ বিঃ) অথচ আমরা ১ম বর্ষের ফাইনাল পরীক্ষার তারিখ এখনও জানতে পারলাম না। আর কতদিন এভাবে বসে থেকে জীবনের মূল্যবান সময় নষ্ট করবো? কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন খুব শীঘ্রই পরীক্ষার তারিখ ঘোষণা করে উক্ত তারিখে পরীক্ষা নেয়ার ব্যবস্থা নিন।

শ্যামল কুমার দাস
৪৮, পশ্চিম ঈশা খাঁ হল
বা, কৃ, বি, ময়মনসিংহ, ২২০২।